Munshi Alauddin Al Azad, *ndc*
Secretary
Ministry of Religious Affairs
Bangladesh Secretariat, Dhaka-1000
Government of the People's Republic of Bangladesh

মুন্সী আলাউদ্দিন আল আজাদ, *এনডিসি*
সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আধা-সরকারি পত্র নম্বর: ১৬.০০.০০০০.০০৩.৩০.০০৭.১৬-৭২৭(২৮)　　　　তারিখ: ২৩ জুলাই ২০২৬ খ্রি.

প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম। শুভেচ্ছা নিবেন।

আপনি নিশ্চয় অবগত রয়েছেন যে, মহান রাব্বুল আল আমিনের অশেষ রহমত ও সকলের আন্তরিক সহযোগিতায় ২০২৬ সালের হজ কার্যক্রম সফলভাবে শেষ হয়েছে। ২০২৬ সনে বাংলাদেশ হতে ৭৮,৫০০ জন হাজী পবিত্র হজব্রত পালন করেছেন। এর মধ্যে মাত্র ৬% হাজী সরকারি মাধ্যমে হজ পালন করেছেন। প্রতি বছর ৯০-৯৫ শতাংশ হজযাত্রী বেসরকারি হজ এজেন্সির মাধ্যমে হজ পালন করে থাকেন। অথচ সরকারি ব্যবস্থাপনায় হজ তুলনামূলকভাবে সাশ্রয়ী, স্বচ্ছ, নিরাপদ ও সেবামুখী। শুধুমাত্র প্রচার-প্রচারণা ও উদ্বুদ্ধকরণের অভাবে সরকারি মাধ্যমে হজযাত্রী আশানুরূপভাবে বৃদ্ধি পাচ্ছে না। প্রচার-প্রচারণা ও উদ্বুদ্ধকরণের কাজটি একটি সমন্বিত কার্যক্রম। এতে জেলা প্রশাসকের ভূমিকা অনস্বীকার্য।

আপনি অবগত আছেন যে, সরকারি ব্যবস্থাপনায় হজ কার্যক্রমকে আরও গতিশীল ও জনবান্ধব করার লক্ষ্যে এবং সরকারি মাধ্যমে হজযাত্রীর সংখ্যা বৃদ্ধির উদ্দেশ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত বছর সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর একটি পত্রে জেলা উন্নয়ন সমন্বয় কমিটি এবং উপজেলা মাসিক সমন্বয় কমিটির সভায় "সরকারি মাধ্যমে হজ" বিষয়টি নিয়মিত এজেন্ডাভুক্তকরণ এবং এ বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা আছে। এছাড়া ২০২৬ এর জন্য বাংলাদেশের জন্য নির্ধারিত হজ কোটার ২৫% হজযাত্রী সরকারি মাধ্যমে হজে প্রেরণের বিষয়টি সরকার প্রধান কর্তৃক অনুমোদিত হয়েছে।

সরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীগণ প্রতিশ্রুত সকল সেবা যথাসময়ে যথাযথভাবে পেয়ে থাকেন। এ ব্যবস্থায় সরকার কর্তৃক সার্বক্ষণিক তদারকির মাধ্যমে বাংলাদেশ ও সৌদি আরবে সমন্বিত সেবা নিশ্চিত করা হয়। ২০২৬ হজ ব্যবস্থাপনায় রাজকীয় সৌদি সরকার কর্তৃক সরকারি ব্যবস্থাপনার প্রশংসা করে এ ব্যবস্থাপনায় অধিক সংখ্যক হজযাত্রী প্রেরণের আহ্বান জানানো হয়েছে। ফলে হজযাত্রীদের স্বার্থে সরকারি মাধ্যমে হজযাত্রী বৃদ্ধি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

এ প্রেক্ষাপটে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের জন্য জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় "সরকারি মাধ্যমে হজ" বিষয়টি উত্থাপন করে সরকারি ব্যবস্থাপনায় হজে যাওয়ার জন্য সম্মানীত হজযাত্রীগণকে উৎসাহিত করা এবং আপনার জেলার সকল উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে অনুরূপ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেওয়ার জন্য আন্তরিকভাবে অনুরোধ জানাচ্ছি। একই সঙ্গে স্থানীয় পর্যায়ে বিভিন্ন সরকারি দপ্তর, জনপ্রতিনিধি, ধর্মীয় নেতৃবৃন্দ, ইমাম, খতিব, গণমাধ্যম ও সংশ্লিষ্ট অংশীজনের

সহযোগতায় সরকার মাধ্যমে হজের সুবিধাসমূহ জনগণের কাছে ব্যাপকভাবে প্রচার ও জনসচেতনতা বৃদ্ধির জন্য প্রয়োজনায় কার্যক্রম গ্রহণ করলে সরকারি ব্যবস্থাপনায় নির্ধারিত হজ কোটার ২৫% হজযাত্রী পূরণ হবে বলে আশা করছি।

সরকারি ব্যবস্থাপনায় হজযাত্রী বৃদ্ধির বিষয়ে আপনার ব্যক্তিগত উদ্যোগ ও সহযোগিতা কামনা করছি।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সুনামগঞ্জ এর গোপনীয় শাখা

তারিখ: ০৪/০৮/২৬

মুন্সী আলাউদ্দিন আল আজাদ, এনডিসি
সচিব

জনাব মোহাম্মদ মিনহাজুর রহমান
জেলা প্রশাসক
সুনামগঞ্জ


+88-02-9514533 (Office)
+88 01713-043738
Fax: +88-02-9511116
secretary@mora.gov.bd
www.mora.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
সাধারণ শাখা
www.sunamganj.gov.bd



তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩৩
১০ আগস্ট ২০২৬

**স্মারক নম্বর:** ০৫.৪৬.৯০০০.০০০.০১৫.০৫.০০০১.১৯.৬০৮

বিষয়: **সরকারি মাধ্যমে হজের সুবিধাসমূহ জনগণের নিকট প্রচার।**

সূত্রোক্ত স্মারক পত্রের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১০-০৮-২০২৬
সাকিবুর রহমান
সহকারী কমিশনার
ফোন : ০২৯৯৬৬০০০১৩
ইমেইল : ac.generalsunamganj@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ।

২। উপপরিচালক, জেলা কার্যালয় ইসলামিক ফাউন্ডেশন, সুনামগঞ্জ।

**স্মারক নম্বর:** ০৫.৪৬.৯০০০.০০০.০১৫.০৫.০০০১.১৯.৬০৮/১ (১)

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩৩
১০ আগস্ট ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।

১০-০৮-২০২৬
সাকিবুর রহমান
সহকারী কমিশনার